



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৪৭৫৮/৪১৯

তারিখ : ০৪-০৯-২০২৩ খ্রি.

বিষয় : অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র : ক) ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের ২০-০৮-২০২৩ খ্রি. তারিখের আবেদন।

খ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীলেট ডিভিশন-এর ৩১-০৫-২০২৩ খ্রি. তারিখের সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-১৪৪৮/২০২২ এর আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন বল্লী মোঃ মুজিবুর রহমান মাধ্যমিক বিদ্যালয়ের ১৬-০৩-২০২২ খ্রি. তারিখে অনুমোদিত ম্যানেজিং কমিটি সংক্রান্ত মহামান্য হাইকোর্ট ডিভিশনে ৫৪০৪/২০২২ নং রিট পিটিশন দায়ের হলে মহামান্য আদালত ২৮-০৪-২০২২ খ্রি. তারিখে অনুমোদিত ম্যানেজিং কমিটি ০৩ (তিন) মাসের জন্য স্থগিত আদেশ প্রদান করেন। মহামান্য আদালতের নির্দেশ মোতাবেক যশোর বোর্ড ২৮-০৪-২০২২ খ্রি. তারিখ হতে ০৩ (তিন) মাসের জন্য কমিটির কার্যক্রম স্থগিত করে পত্র প্রদান করেন। পরবর্তীতে মহামান্য হাইকোর্টের আদেশের বিরুদ্ধে ম্যানেজিং কমিটির সভাপতি জিয়াউর-বিন-সেলিম সুপ্রীম কোর্টের আপীলেট বিভাগে ১৪৪৮/২০২২ নং সিভিল পিটিশন ফর লীভ টু আপীল দায়ের করেন। মহামান্য সুপ্রীম কোর্ট ২৯-০৫-২০২২ খ্রি. তারিখে মহামান্য হাইকোর্ট ডিভিশনের আদেশ ০৮ (আট) সপ্তাহের জন্য স্থগিত আদেশ প্রদান করেন। মহামান্য হাইকোর্ট ডিভিশনের আদেশ মোতাবেক যশোর বোর্ড ২৩-০৭-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ম্যানেজিং কমিটির কার্যকারিতা বহাল রাখার নির্দেশ প্রদান করে পত্র প্রদান করেন। ৩১-০৫-২০২৩ খ্রি. তারিখে মহামান্য সুপ্রীম কোর্ট ১৪৪৮/২০২২ নং লীভ টু আপীল শুনানী-অন্তে স্থগিতের আবেদন মঞ্জুরপূর্বক লীভ টু আপীল এর রুল চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ২৯-০৫-২০২২ খ্রি. তারিখের স্থগিত আদেশ বলবৎ এর আদেশ প্রদান করেন বিধায় মহামান্য সুপ্রীম কোর্টের আপীলেট ডিভিশনের নির্দেশ ও বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী আলোচ্য বিদ্যালয়ের ১৬-০৩-২০২২ খ্রি. তারিখের বিঅ-৬/৪৭৫৮/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৮৮৯০ নং স্মারকপত্রে অনুমোদিত ম্যানেজিং কমিটির কার্যকারিতা মহামান্য সুপ্রীম কোর্টের ১৪৪৮/২০২২ নং লীভ টু আপীল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত বহাল রাখা হলো (কমিটির মেয়াদ কাল পর্যন্ত)। বিষয়টি আপনাকে নির্দেশক্রমে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন : ০২৪৭৭৬২৭০৫

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

বল্লী মোঃ মুজিবুর রহমান মাধ্যমিক বিদ্যালয় (১১৮৮২৩)

আখড়াখোলা, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা

স্মারক সংখ্যা-বিঅ-৬/৪৭৫৮/৪১৯(১-৬)

তারিখ : ০৪-০৯-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৪। সভাপতি, বল্লী মোঃ মুজিবুর রহমান মাধ্যমিক বিদ্যালয়, আখড়াখোলা, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৫। জনাব মোঃ এরশাদুল হক (মামলা দায়েরকারী)।
- ৬। সংরক্ষণ নথি।

০৪/০৯/২০২৩

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

০৪/০৯/২৩